

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৮৯

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - এ উম্মতের [উম্মতে মুহাম্মাদী (সা.)-এর] সাওয়াবের বিবরণ

اَلْفصنْلُ التَّالِثُ (بَابِ ثَوَابِ هَذِه)

### আরবী

وَعَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْعَلَاءِ الْحَصْرَمِيِّ قَالَ: حَدَّثَنِي مَنْ سَمِعَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: ﴿إِنَّهُ سَيَكُونُ فِي آخِرِ هَذِهِ الْأُمَّةِ قَوْمٌ لَهُمْ مِثْلُ أَجْرِ أَوَّلِهِمْ يَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَيَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَيُقَاتِلُونَ أَهْلَ الْفِتَنِ» رَوَاهُمَا الْبَيْهَقِيِّ فِي دَلَائِل النَّبُوَّة

اسناده ضعيف ، رواه البيهقي في دلائل النبوة (6 / 513) \* السند حسن الى عبد الرحمن بن العلاء الحضرمي و ذكره ابن حبان في الثقات (5 / 100) وحده فهو مجهول الحال ـ

(ضَعِيف)

#### বাংলা

৬২৮৯-[৭] 'আবদুর রহমান ইবনু 'আলা আল হাযরামী (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমাকে এমন এক লোক বর্ণনা করেছেন, যিনি নবী (সা.) -কে বলতে শুনেছেন, তিনি (সা.) বলেছেন: অদূর ভবিষ্যতে এ উম্মতের শেষলগ্নে এমন এক সম্প্রদায়ের আগমন ঘটবে, যাঁদের ভালো 'আমলের সাওয়াব তাদের প্রথম যুগের লোকেদের বরাবর হবে। তাঁরা মানুষদেরকে ভালো কাজ করতে আদেশ করবেন এবং মন্দকাজ হতে বারণ করবেন। আর ফিতনাবাজদের সাথে যুদ্ধ করবেন। উক্ত হাদীস দু'টি ইমাম বায়হাকী (রহিমাহুল্লাহ) "দালায়িলুন নুবুওয়াহ্" গ্রন্থে বর্ণনা করেছেন]

# ফুটনোট

আলবানী (রহিমাহুল্লাহ) বলেন: 'আমি এখনও পর্যন্ত এ হাদীসটির সনদ পাইনি। বায়হাকী দালায়িনুন্ নুবুওয়াহ্ ৬/৫১৩ পু., হিদায়াতু রুওয়াত ৫/৫০৩ পু., হা. ৬২৪৪।



## ব্যাখ্যা

ব্যাখ্যা: (مِثْلُ أَجْرِ أَوَّلِهِمْ) অর্থাৎ সাহাবীদের এবং নেকীর ন্যায়।
(مِثْلُ أَجْرِ أَوَّلِهِمْ)ফিতনাবাজদের সাথে যবান দিয়ে ও হাত দ্বারা যুদ্ধ করবে।ফিতনাবাজ থেকে উদ্দেশ্য হলো অত্যাচারী খারিজী, রাফিজী ও অন্যান্য বিদ'আতী লোক। (মিশকাতুল মাসাবীহ - মুম্বাই ছাপা, ৫ম খণ্ড, পৃ. ৩০১)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন